93

দৈনিক ইত্তেফাক

তারিখ 07 APR 1998
পৃষ্ঠা: ৮ কলাম ৫

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস

# সন্ত্রাসী ক্যাডারদের বিরুদ্ধে পুলিশের অভিযান

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাসী ক্যাডারদের বিরুদ্ধে ব্যাপক ধর-পাকড় অভিযান চলিতেছে। গত দুই সপ্তাহে পুলিশ ক্যাম্পাসের ২৩ জন ছাত্রলীগ কর্মী ও ক্যাডারকে গ্রেফতার করিয়াছে। আরও কয়েকজন ক্যাডার এবং বহিরাগত অছাত্র নেতাকে গ্রেফতারের জন্য গোয়েন্দা পুলিশের একটি দল হল এলাকায় ওত পাতিয়া আছে। গ্রেফতার ভীতির কারণে কয়েকজন বহিরাগত ক্যাডার আত্মগোপনও করিয়াছে।

গত মঙ্গলবার ইস্কাটনের সবুজ সংঘ হইতে ছাত্রলীগের মুহসীন হল নিয়ন্ত্রক গ্রুপের অছাত্র বহিরাগত নেতা রতনকে গোয়েন্দা পুলিশ গ্রেফতার করে। ২৮শে মার্চ মুহসীন হলের ছাত্রলীগ ক্যাডাররা এফ রহমান হলে সংগঠনের প্রতিপক্ষ গ্রুপের উপর হামলা চালাইলে নাসিম ও সোবহান নামে দুই নেতা মারাত্মকভাবে আহত হয়। পরে ব্যাপক গোলাগুলী হয় ইহা লইয়া। পুলিশ ঘটনার পরক্ষণেই মুহসীন হল ও এফ রহমান হল হইতে ২১ জন ছাত্রলীগ কর্মী ও ক্যাডারকে গ্রেফতার করে। পুলিশ ছাত্রলীগ নেতা সরোজকে গত বুধবার জহুরুল হক হল হইতে গ্রেফতার করে। বর্তমানে বিশ্ববিদ্যালয়ে ঈদের ছুটি থাকায় অধিকাংশ সাধারণ আবাসিক ছাত্র গ্রামের বাড়ীতে চলিয়া গিয়াছে। তবে অনেক ক্যাডার হলে রহিয়াছে। বিশেষ করিয়া ছাত্রদল নিয়ন্ত্রিত বঙ্গবন্ধু হল, জিয়া হল ও কবি জসীমউদ্‌দীন হলে ছাত্রদল নেতা-কর্মীদের মধ্যে এখন রীতিমত সরগরম অবস্থা। আগামী ২০শে এপ্রিল ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সম্মেলনকে কেন্দ্র করিয়া দলের নেতা-কর্মীরা লবিং ও গ্রুপিং-এ ব্যস্ত। এদিকে গ্রেফতার-ভীতির কারণে মুহসীন হলে বহিরাগত ক্যাডারদের দৌরাত্ম্য হ্রাস পাইয়াছে।